মাননীয়,
যুগ্ম জিলা জজ ১ম আদালত ,ফেনী
জেলা-ফেনী।
দেওয়ানী মামলা নং- /১৮ইং।
আবেদা খাতুন গং---------- বাদী
বনাম
আতাউল হক (অশ্রু) গং---------- বিবাদী
বাদীপক্ষে দেওয়ানী কার্য্যবিধির ৩৯ অর্ডারের ১রুলের বিধান মতে
১/২নং বিবাদী বিরুদ্ধে অস্থায়ী নিষেধাজ্ঞা পাওয়ার প্রার্থনা

নিবেদন এই,
১। অত্রাদালত এলাকাধীন বাদীগন স্বামী স্ত্রী বটে। বারাহিপুর মৌজার ১৫৮১ দাগে ১০ ডিং ভুমি ছালেহা খাতুন মালিক ছিলেন। উক্ত ১৫৮১ দাগের লাগ পশ্চিমের ৩৩৯১ দাগের ভূমি অবস্থিত হয়। উক্ত ৩৩৯১ দাগের লাগ পশ্চিম ১৮১৯ দাগ ট্রাংক রোড়ে অবস্থিত হয়। ৩৩৯১ দাগের কতেক ভূমি উক্ত ছালেহা খাতুন সরকার হইতে বন্দোবস্ত নিয়াছে বলিয়া মালিক থাকা দাবী করায় সে সুবাদে ১ নং বাদীর পিতা সুলতানা আহাম্মদ ও ১নং বাদীর স্বামী ২নং বাদী আবদুল হক বেনালিশী ১৫৮১ দাগের ১০ ডিং ভূমি বাসা বাড়ি করার জন্য এবং নালিশী ৩৩৯১ দাগের ২.৫ ডিং ভূমি দোকান করার জন্য ১নং বাদীর পিতা সুলতান আহাং এবং ২নং বাদী আবদুল হকের মালিকী মঠবাড়িয়া মৌজার ২৩.৫ ডিং ভূমির সহিত বিগত ৮/৬/৯৩ইং তারিখের রেজিষ্ট্রিকৃত ৩৯৪১নং এওজ নামা দলিল মূলে এওজ করেন। সুলতান আহাং এর মৃত্যুতে তাহার কন্যা ১নং বাদীনি পিতার ওয়ারিশসূত্রে উক্ত ভূমিতে মালিক দখলকার হয়। উক্ত এওজমূলে বাদীগন ১৫৮১ দাগে মালিক দখলকার হইয়া ৬ তলা বাসা বাড়ি নির্মাণ করেন এবং বাসার দক্ষিন দিক হইতে ৩৩৯১ দাগের এওজকৃত ২.৫০ ডিং ভূমি সোজা পশ্চিম দিকে ট্রাংক রোড় পর্যন্ত দখল নিয়া মাটি দ্বারা উঁচু করতঃ দোকান গৃহ করার জন্য বাদীগন ভিটি ভূমিতে পরিণত করে রাখেন। উক্ত ২.৫০ডিং ভূমির উত্তর দিক দিয়া বাদীগন বাসা হইতে বাহির হইয়া পশ্চিম দিকে ৩৩৯১ দাগের বে-নালিশী অংশের ভূমির উপর দিয়া পথ স্বরুপে ব্যবহার করিয়া ট্রাংক রোড়ে উঠে। উক্ত ৩৩৯১ দাগের ২.৫০ ডিং ভূমির সাথের ভূমিতে বাদীগনের পথাধিকার জন্মিয়াছে। বাদীগনের মালিকী ৩৩৯১ দাগের ভূমি বাবতে হাল বি,এস জরিপে ১০০৮০ দাগে ঐ ভূমি ১০১৩০ নং বি,এস ডি.পি খতিয়ানে রেকর্ড হইয়াছে। ৩৩৯১ দাগের উক্ত ২.৫০ ডিং ভূমি বিবাদীগনের মাতা এওজ দিয়া নিঃস্বত্ত¡বান হয় ও মাতার মৃত্যুতে বিবাদীগন ও নিঃস্বত্ত¡বান হয়। তথাপিও বিবাদীগন একান্ত অন্যায় ও বে-আইনী ভাবে বাদীগনের মালিকী দখলীয় ২.৫০ ডিং ভূমি আঃ .৬৮ ডিং ভূমিতে গায়ের জোরে পাকা দোকান করার জন্য নির্মাণ সামগ্রী কাছাকাছি জড়ো করিয়া বিগত ২০/৬/১৮ইং তারিখে কাজ করিতে চেষ্টা করিলে বাদীপক্ষ বাঁধা প্রদান করিলে বিবাদীগন লেবার ও রাজের লোকজন সহ চলিয়া যায়। ২নং বাদী তখন অনন্যোপায় হইয়া ফৌঃ কাঃ বি ১৪৫ ধারার বিধান মতে মিস ১৫৮/১৮ ইং ধারার মামলা আনয়ন করেন। উক্ত মিস

মামলা তদন্তের জন্য পি.আই.বিকে দেওয়ায় উক্ত তদন্ত কার্য্যকরিতে কিছু দেরি হওয়ায় উক্ত সময়ের মধ্যে বিবাদীগন বিগত ৩/৬/২০১৮ইং তারিখে গৃহ নির্মাণ আরম্ভ করিয়া ৩০/৭/২০১৮ইং তারিখে ২ কক্ষ দোকান গৃহ বাদীগনের মালিকী দখলীয় উক্ত .০৬৮ জায়গায় দোকান গৃহ নির্মাণ করিয়া ফেলে। ১নং বাদীনির স্বামী ২নং বাদী বাস্তবে উক্ত ২.৫০ ডিং ভূমি দোকান গৃহ নির্মাণ করার জন্য বিবাদীগনের মাতা হইতে এওজ করে দখল নিয়া দোকান ভিটিতে পরিণত করে রাখেন।

২। বিবাদীগন কর্তৃক উক্ত সাইড ওয়াল বিশিষ্ট ২টি কক্ষ তথা দোকান গৃহ-বেআইনী ও অন্যায়ভাবে নির্মাণ করায় উক্ত গৃহ ভগ্নক্রমে বাদীগন খাষ দখল পাওয়ার জন্য বিবাদীগন বিরুদ্ধে বাদীগন অত্র মামলা আনয়ন করিয়াছে। বিবাদীগনের মাতা কর্তৃক এওজ মূলে ১নং বাদীনির পিতা ও ১নং বাদীনির স্বামী ২নং বাদীর সহিত এওজ করে এওজ মূলে দখল দিয়ে দেওয়ায় বিবাদীগনের উক্ত ভূমিতে আর কোন মালিকানা ও স্বত্ত দখল নাই ও ছিল না। বিবাদীগন নালিশী ভূমিতে দোকান গৃহ নির্মাণ করিয়া দেওয়ায় উক্ত দোকানগৃহ যাহাতে বিবাদীগন নিজেরা অথবা কোন ভাড়াটিয়া যোগে কোন ব্যবসা বাণিজ্য পরিচালনার জন্য দোকান গৃহে প্রবেশ না করে তজ্জন্যে অত্র মামলার বিচার স্বাপেক্ষে বিবাদীগন বিরুদ্ধে অস্থায়ী নিষেধাজ্ঞা এবং অস্থায়ী নিষেধাজ্ঞা শুনানী স্বাপেক্ষে অন্তবর্ত্তীকালীন নিষেধাজ্ঞার আদেশ জারী হওয়া একান্ত আবশ্যক। অন্যথায় বাদীপক্ষের অপূরণীয় ক্ষতি হইবে। বাদীগন অস্থায়ী নিষেধাজ্ঞা পাওয়ার মত চৎরসধঋধপরব ঙভ অৎমঁধনষব ঈধংব রহিয়াছে ও আছে। ইধষধহপব ঙভ ঈড়হাবরহবপব ওহ ঈড়হাবরহবপব বিবেচনায় ইধষধহপব বাদীপক্ষের অনুকূলে এবং বিবাদীপক্ষের প্রতিকূলে রহিয়াছে ও আছে।

অতএব, বাদীগন হুজুরাদালতে বিনীতভাবে প্রার্থনা করেন যে, বিবাদীগন যাহাতে সদ্য নির্মাণকৃত দোকানগৃহে নিজেরা অথবা ভাড়াটিয়া দিয়ে কোন ব্যবসা পরিচালনা করে উক্ত দোকান গৃহ দখল না করে এবং দোকান গৃহের কক্ষ দুইটি খালি অবস্থায় যাহাতে থাকে তজ্জন্য অত্র মামলার বিচার স্বাপেক্ষে অস্থায়ী নিষেধাজ্ঞার এবং অস্থায়ী নিষেধাজ্ঞার শুনানী স্বাপেক্ষে অর্ন্তবর্ত্তীকালীন নিষেধাজ্ঞার আদেশ দানে বাধিত করার মর্জি হয়।

<u>তফছিল নালিশী ভূমির পরিচয়</u>

জিলা- ফেনী সদর, মৌজে বারাহিপুর মধ্যে সাবেক ৩৩৯১ দাগ যাহা ৩৩১৯ দাগ ২৫ ডিং আঃ ২.৫০ ডিং ভূমি যাহা হাল বি,এস জরিপে বাদীগনের নামে বি,এস ১০১৩০ নং খতিয়ান হাল ১০০৮০ দাগ ০২.৫০ ডিং তদান্দরে ০.৬৮ ডিং ভূমিতে নির্মাণকৃত ২ কক্ষ বিশিষ্ট সাইড ওয়াল বিশিষ্ট দোকান গৃহ এবং যাহা এখনও খালি আছে এবং যাহাতে বিবাদীগন নিজেরা বা কোন ভাড়াটিয়াকে দিয়া ব্যবসাদি পরিচালনা না করে।

<u>যাহার চৌহুদ্দী এই-</u>

উত্তরে ৩৩৯১ দাগের বে-নালিশী অংশ হয়। দক্ষিনে বাদীগনের ১৫৮১দাগের বাসার লাগ দক্ষিণ হইতে ১৩১৮৯৭ দাগ পশ্চিম আসিয়া ট্রাংক রোড় পর্যন্ত, পূর্বে বাদীগনের ৫৫৬৯ দাগের বাসাবাড়ী, পশ্চিমেঃ সাবেক ১৮৮৫৬ দাগ ট্রাংক রোড়।

সত্যপাঠ

অত্র অস্থায়ী নিষেধাজ্ঞার লিখিত যাবতীয় বিবরণ আমার জানা মতে সত্য। অত্র সত্যতায় শুদ্ধ স্বীকারে নিম্মে আমার নিজ নাম স্বাক্ষর প্রদান করিলাম। ইতি তাং-